

ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্প

আপনার গর্ভধারণ এবং আপনার আসন্ন শিশু জন্মের জন্য আপনাকে অভিনন্দন।

আপনার সন্তানের জন্ম নেয়ার পর, যত্ন ও সহায়তার জন্য ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্প আপনি হয়ত পছন্দ করতে পারেন। হাসপাতাল ছাড়ার পর, ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্প আপনার বাড়ীতে আপনাকে এবং আপনার শিশুকে জন্মোত্তর সেবা প্রদান করে।

ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্প সম্পর্কে তথ্য

ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্পে একজন ধাত্রী তিনবার পর্যন্ত বাড়ীতে দর্শন দেয়। এই পরিদর্শনগুলো আপনার শিশুর জন্ম নেয়ার পর বাড়ীতে প্রথম কয়েক দিনের মধ্যে হবে। ধাত্রী আপনার বাড়ীতে এসে আপনার সাথে সাক্ষাত করবে এবং প্রতিটি সাক্ষাতের জন্য আনুমানিক ৪৫ মিনিটের মতো সময় নিবে।

ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্পের সুবিধাগুলো হলো:

- ধাত্রী আপনার বাড়ীতে এসে ব্যক্তিগতভাবে সাক্ষাত করবে। এই ব্যক্তিগত সাক্ষাতের সময় আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন, সহায়তা পাবেন এবং আপনার শিশুকে খাওয়ানো ও যত্ন করার ব্যাপারে আত্মবিশ্বাস পাবেন।
- আপনার সঙ্গী ও পরিবার পরিজন আপনাকে এবং আপনার সন্তানকে বাড়ীতে সহায়তা এবং যত্ন নিতে সমর্থ হবে।
- আপনি আরো আরামদায়ক ও আয়েশী পরিবেশে ঘুমাতে এবং বিশ্রাম নিতে পারবেন।
- বাড়ীতে সাক্ষাতের বাইরে ফোনে সহায়তার ব্যবস্থা আছে।

ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্পে কে যোগ দিতে পারবে?

ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্প পাওয়া যেতে পারে:

- আপনি যদি যোনি দ্বারা জন্মান্তের ৪৮ ঘন্টার কম সময়ের মধ্যে অথবা সিজারিয়ান অন্ত্রপচারের জন্মান্তের ৭২ ঘন্টার কম সময়ের মধ্যে বাড়ি চলে যান এবং,
- আপনি স্বাধীনভাবে আপনার শিশুকে খাওয়াতে পারেন এবং,
- আপনার বা আপনার সন্তানের হাসপাতালে দীর্ঘ সময় থাকার জন্য চিকিৎসা সংক্রান্ত কোন বিষয় না থাকে

কিভাবে আমি ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্পে যোগ দিতে পারি?

আপনি যখন শিশু জন্মের জন্য হাসপাতালে ভর্তি হবেন, দয়া করে আপনার ধাত্রী বা ওব্সেট্রিশিয়ানের সাথে ধাত্রীবিদ্যা সহায়তা প্রকল্প নিয়ে আলোচনা করবেন।

ইংরেজীতে কথা বলতে সাহায্যের প্রয়োজন হলে আমি কি করবো?

আপনার যদি ইংরেজী বুঝতে বা বলতে সাহায্যের প্রয়োজন হয় তাহলে আপনার জন্য পেশাদার দোভাষীর ব্যবস্থা আছে। আপনার পরিবারের সদস্য বা বন্ধু উপস্থিত থাকতে পারে কিন্তু চিকিৎসা সংক্রান্ত সকল যোগাযোগ একজন পেশাদার দোভাষীর মাধ্যমে হওয়া উচিত। দোভাষী সেবাব্যবস্থা বিনামূল্যে পাওয়া যায় এবং গোপনীয়তা রক্ষা করা হয়।

আপনাকে একজন দোভাষী দেয়া না হলে, তা পাওয়ার অধিকার আপনার আছে। কর্মীগণ আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করবেন।

আমাদের সাথে যোগাযোগ করতে আপনাকে যদি একজন দোভাষীর ব্যবহার করতে হয়, দয়া করে টেলিফোন দোভাষী
সেবাব্যবস্থায় 131 450 নাম্বারে ফোন করুন।

তথ্য সম্পর্কিত এইপুস্তিকা রয়েল হাস্পাইটাল ফর ওমেন দ্বারা তৈরী করা হয়েছে। দক্ষিণ পূর্ব সিডনী স্থানীয় স্বাস্থ্য জেলা এবং
বহুসাংস্কৃতিক স্বাস্থ্য সেবা সংস্থা অনুবাদের জন্য অনুদান প্রদান করেছে।